

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

৫, কাওরান বাজার, ঢাকা।

brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.০১.২৭৯.২০. ২৬০

তারিখ: ০৭ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।

বিষয়: সাতক্ষীরা সদর ইউসিসিএ লিমিটেড, সাতক্ষীরা এর নিজস্ব তহবিল থেকে ৪৭,৩৫,০০০/- (সাতচল্লিশ লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা ঋণ বিনিয়োগ অনুমোদন।


সূত্র: বিআরডিবি, সাতক্ষীরা জেলাদপ্তরের পত্র নং- ৮৯০, তাং: ২৩/১২/ ২০২০ খ্রিষ্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে বর্ণিত পত্রের প্রস্তাবমতে সাতক্ষীরা সদর ইউসিসিএ লিমিটেড, সাতক্ষীরা এর নিজস্ব তহবিল থেকে ২০২০-২০২১ অর্থবছরে ১ম পর্যায়ের আবেদনকৃত সংযুক্ত তালিকায় বর্ণিত ০৬ টি কৃষক সমবায় সমিতির মোট ১২৪ জন সদস্যদের মধ্যে ইরি-বোরো চাষ খাতে ৪৭,৩৫,০০০/- (সাতচল্লিশ লক্ষ পয়ত্রিশ হাজার) টাকা ঋণ নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বিতরণের চূড়ান্ত অনুমোদন প্রদান করা হলো:-

- ১।(ক) পূর্বের গ্রহীত ঋণ সমিতি ও সদস্য কর্তৃক ১০০% পরিশোধ এবং ঋণ গ্রহীতা সদস্যদের ১০% শেয়ার ১০% সঞ্চয় জমা থাকতে হবে। সরেজমিনে সমিতি পরিদর্শনপূর্বক সাপ্তাহিক/মাসিক কিস্তিতে ঋণ আদায়ের বিষয়টি নিশ্চিত হয়ে মঞ্জুরীকৃত ঋণ বিতরণ করতে হবে। কিস্তিতে ঋণ আদায় মনিটর করতে হবে এবং কিস্তিতে ঋণ আদায় না হলে সংশ্লিষ্ট কর্মকর্তার বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে।
 - (খ) ঋণ গ্রহীতা সমিতির খাতাপত্র হালনাগাদসহ সমিতির সাইনবোর্ড আবশ্যিকভাবে নিশ্চিত করতে হবে। সমিতির সভ্য রেজিস্টার ইউসিসিএতে সংরক্ষিত সভ্য তালিকার সাথে যথাযথভাবে যাচাই করে মিলিয়ে নিতে হবে।
 - (গ) নিজস্ব তহবিল থেকে বিতরণকৃত ঋণ সরকার প্রদত্ত কোনরূপ (আসল, সুদ ও দন্ডসুদ) মওকুফ বা রেয়াতী সুবিধার আওতাভুক্ত হবে না। ঋণ বিতরণের পূর্বেই এমর্মে ঋণ গ্রহীতার নিকট হতে অঙ্গীকার পত্র গ্রহণ করতে হবে।
 - (ঘ) বিআরডিবি'র পত্র নং- ৪৭.৬২.০০০০.৫০২.০৫.১৩৬.০১.৩৩১৯, তারিখ-০৬/৬/১৮ খ্রিষ্টাব্দ মূলে জারিকৃত ইউসিসিএ লি. এর নিজস্ব তহবিল হতে ঋণ বিতরণের সংশোধিত নীতিমালা অনুসরণ করতে হবে এবং সর্বোচ্চ সতর্কতা ও স্বচ্ছতা অবলম্বন করতে হবে। ঋণের সেবামূল্য সরল হারে (Flat rate method) বার্ষিক ১১% হবে।
 - (ঙ) ঋণ গ্রহণেচ্ছু সদস্যগণের ঋণ প্রক্রিয়াকরণের সময় জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত (এআরডিও কর্তৃক) কপি আবশ্যিকভাবে দাখিল করতে হবে। ঋণ বিতরণের সময় জাতীয় পরিচয় পত্রের মূল কপির সাথে সদস্যের স্বাক্ষর, ছবি ও অন্যান্য তথ্য মিলিয়ে দেখতে হবে। ঋণ গ্রহীতার নাম ও অন্যান্য তথ্য সভ্য রেজিস্টারের সাথে মিল থাকতে হবে।
 - (চ) আদায় অগ্রগতি নিয়মিত মনিটর করার জন্য সাপ্তাহিক ঋণ আদায় শীট (WCS) ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ২। উপপরিচালক, সাতক্ষীরা এবং উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সাতক্ষীরা সদর ইউসিসিএ লিমিটেড এর ঋণ বিতরণ কার্যক্রম ব্যক্তিগতভাবে তদারকি করে সুষ্ঠু বিতরণ নিশ্চিত করবেন, যাতে ১০০% ঋণ ও সেবামূল্য আদায় নিশ্চিত হয়। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাগণ ব্যক্তিগত ভাবে দায়ী থাকবেন।

- ৩। ঋণ বিতরণের পূর্বে সংশ্লিষ্ট সমিতির নামে আনুপাতিক হারে শেয়ার ও সঞ্চয় জমা নিশ্চিত করতে হবে।
- ৪। ঋণ বিতরণের তারিখে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ উপস্থিত থেকে সমবায়ীদেরকে ঋণের সঠিক ব্যবহার ও যথাসময়ে ঋণ পরিশোধে উদ্বুদ্ধ করবেন।

সংযুক্তি: বর্ণনামতে ০৬ টি সমিতির নামের তালিকা।



আবদুর রশিদ
(যুগ্মসচিব)
পরিচালক (সরেজমিন)
ফোনঃ ৮১৮০০০৬

উপপরিচালক
বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সাতক্ষীরা।

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৫০২.০১.২৭৯.২০. ১৬০

তারিখ: ০৭ জানুয়ারি, ২০২১ খ্রিষ্টাব্দ।

অনুলিপি :-

- ১। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, সাতক্ষীরা সদর, সাতক্ষীরা।
- ২। সভাপতি, সাতক্ষীরা সদর ইউসিসিএ লিমিটেড, সাতক্ষীরা।
- ৩। উপপরিচালক, প্রোগ্রামিং বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৪। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



ফেরদৌস মামুন শিমুল
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।


বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
সরেজমিন বিভাগ
ঋণ শাখা।

২০২০-২০২১ অর্থবছরে সাতক্ষীরা সদর ইউসিসিএ লিমিটেড, সাতক্ষীরা এর নিজস্ব তহবিল থেকে মঞ্জুরীকৃত ০৬
(ছয়) টি প্রাথমিক সমবায় সমিতির নামের তালিকা।


(লক্ষ টাকায়)

ক্র. নং	সমবায় সমিতির নাম	সদস্য সংখ্যা	ঋণের খাত	২০২০-২০২১ অর্থবছরে নিজস্ব তহবিল থেকে চূড়ান্ত অনুমোদিত ঋণ
১	খড়িয়াডাঙ্গা কেএসএস লি.	২১	ইরি-বোরো চাষ	৬.২৫
২	শ্রীরামপুর কেএসএস লি.	২২		৮.৫০
৩	পদ্মশাঁখরা দক্ষিণ পাড়া কেএসএ লি.	২৯		১১.১০
৪	জোয়ানা পশ্চিম পাড়া কেএসএস লি.	২০		৭.৪০
৫	ফয়জুল্লাপুর উত্তর পাড়া কেএসএস লি.	২০		৮.২০
৬	বালিয়াডাঙ্গা পশ্চিমপাড়া কেএসএ লি.	১২		৫.৯০
মোট		১২৪		৪৭.৩৫

কথায়: সাতচল্লিশ লক্ষ পঁয়ত্রিশ হাজার টাকা।


06/01/2020.

মোঃ সিফাত আজাদ
সহকারী পরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।


০৬/০১/২০২০

ফেরদৌস মামুন শিমুল
উপপরিচালক (ঋণ)
বিআরডিবি, ঢাকা।